

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
আগৈলঝাড়া, বরিশাল

উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো: রফিকুল ইসলাম তালুকদার
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল

সভার স্থান : উপজেলা পরিষদ কার্যালয়, আগৈলঝাড়া, বরিশাল
তারিখ : ২৭/০৩/২০২৩ খ্রি:
সময় : ১১.০০ ঘটিকায়

উপস্থিতির স্বাক্ষরঃ পরিশিষ্ট ক দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতপর: তিনি উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জনাব নজরুল ইসলামকে সভা পরিচালনার দায়িত্ব অর্পন করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা আগৈলঝাড়া গত সভার রেজুলেশন পাঠ করে শোনান এবং সর্বসম্মতিক্রমে উহা দৃষ্টিকরণ করা হয়। তিনি সভাকে জানান অত্র উপজেলার মাধ্যমিক ও দাখিল স্তরের সকল সহকারী ও সিনিয়র শিক্ষকদের জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ এর আলোকে ইতোমধ্যে ০৫ (পাঁচ) দিন ব্যাপী শিক্ষক প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। অত্র উপজেলা ৩২৪ জন শিক্ষক এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন এবং অত্যন্ত সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করেন। নতুন শিক্ষাবর্ষ থেকে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির শিক্ষার্থীদের উক্ত প্রশিক্ষণের আলোকে পাঠদান কার্যক্রম শুরু হয়েছে।

সিদ্ধান্ত : উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে যাতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা -২০২১ আলোকে পাঠদানক্রম যথাযথভাবে সম্পন্ন হয় সে বিষয়ে মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা একাডেমিক সুপারভাইজারকে অনুরোধ জানানো হয় এবং পরবর্তী মাসিক সমন্বয় সভায় উহা উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ আলোচনার পর আরকোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সদস্যবৃন্দকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

(মো: রফিকুল ইসলাম তালুকদার)
২৭.০৩.২০২৩

ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও

সভাপতি

মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল

স্মারক নং : উমাশিঅ/আগৈল-বরি/২২ / (ক)

তারিখ: ২৭/০৩/২০২৩ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আগৈলঝাড়া, বরিশাল।
২. উপজেলা নির্বাহী অফিসার, আগৈলঝাড়া, বরিশাল।
৩. জনাব..... সদস্য, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
৪. অফিস কপি

(মো: নজরুল ইসলাম)
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা

ও

সদস্য সচিব


উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল

২৭.৩.২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল

নোটিশ

এতদ্বারা উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা কমিটি এর স্থায়ী কমিটির সন্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে আগামী ২৭/০৩/২০২৩ ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকার সময় উপজেলা মাধ্যমিক এবং মাদ্রাসা শিক্ষা স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।


(মে: রফিকুল ইসলাম তালুকদার)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি
আগৈলঝাড়া, বরিশাল

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলোঃ

- ১.
- ২.
- ৩.
১. অফিস কপি